গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
এমপিও শাখা
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪০.৪০.০০০৪.২৫-১৫

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩২ / ২ জুলাই ২০২৫

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এমপিভুক্ত করার লক্ষ্যে গত ২৬.০৬.২০২৫ তারিখের গণবিজ্ঞপ্তির আলোকে ০৩.০৭.২০২৫ তারিখ হতে ১০.০৭.২০২৫ তারিখ পর্যন্ত আবেদনের সময়সীমা কারিগরি ত্রুটিজনিত কারণে আগামী ০৮.০৭.২০২৫ তারিখ হতে ১৫.০৭.২০২৫ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হবে।

০২। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইট (www.tmed.gov.bd) অথবা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dme.gov.bd) অথবা বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর ওয়েবসাইট (www.banbeis.gov.bd)-এ Online Ebtedie MPO Application শিরোনামে প্রদর্শিত লিংক এর মাধ্যমে আবেদন করা যাবে। অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসাসমূহের এমপিওভুক্তির আবেদন সরাসরি, ইমেইল বা পত্রের মাধ্যমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ অথবা এর অধীনস্থ কোন দপ্তরে গ্রহণ করা হবে না।

০৩। বিশেষভাবে উল্লেখ্য, অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসাসমূহ এমপিওভুক্তকরণের সকল কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে সম্পন্ন করা হবে। এ পদ্ধতিতে "স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা স্থাপন, পাঠদান, স্বীকৃতি, পরিচালনা ও জনবল কাঠামো এবং এমপিও নীতিমালা, ২০২৫" অনুযায়ী নির্দিষ্ট মানদন্ডের ভিত্তিতে যোগ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তালিকা প্রস্তুত করা হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারি করা হলো।

02/07/2025

মোঃ আব্দুল হান্নান
উপসচিব
ই-মেইল:dsmpo72@gmail.com

E:\T MPO Files\স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা সংক্রান্ত\Letter স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা সংক্রান্ত.docx

বিতরণ (অবগতি ও কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা।
৪. যুগ্মসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. চেয়্যারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. অফিস কপি।

০২/০৭/২০২৫

মোঃ আব্দুল হান্নান
উপসচিব